

বয়স্ক ভাতা

অনলাইন আবেদন

বয়স্কভাতা কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং সর্বমহলে গ্রহণযোগ্য করে তোলার জন্য যে সকল পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা হলো; ২০১৩ সালে প্রণীত বাস্তবায়ন নীতিমালা সংশোধন করে যুগোপযোগীকরণ, অধিক সংখ্যক মহিলাকে ভাতা কার্যক্রমের আওতায় অন্তর্ভুক্তির লক্ষ্যে মহিলাদের বয়স ৬৫ বছর থেকে কমিয়ে ৬২ বছর নির্ধারণ, উপকারভোগী নির্বাচনে স্থানীয় মাননীয় সংসদ সদস্যসহ অন্যান্য জনপ্রতিনিধিদের সম্পৃক্তকরণ এবং ডাটাবেইজ প্রণয়ন।

২০১৭-২০১৮ অর্থবছর থেকে বয়স্ক ভাতা কর্মসূচির আংশিক এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে পরিচালিত হয়েছে। বর্তমানে সকল উপকারভোগীকে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রোভাইডার নগদ ও বিকাশ এবং এজেন্ট ব্যাংকিং-এর মাধ্যমে জিটুপি পদ্ধতিতে (গভর্নেন্ট টু পারসন) ভাতা প্রদান করা হচ্ছে।

বাস্তবায়নকারী দফতর: সমাজসেবা অধিদফতর

কার্যক্রম শুরুর বছর ১৯৯৭-৯৮ অর্থবছর

লক্ষ্য ও উদ্দেশ্য

- (১) বয়স্ক জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন ও সামাজিক নিরাপত্তা বিধান;
- (২) পরিবার ও সমাজে তাঁদের মর্যাদা বৃদ্ধি;
- (৩) আর্থিক অনুদানের মাধ্যমে তাঁদের মনোবল জোরদারকরণ;
- (৪) চিকিৎসা ও পুষ্টি সরবরাহ বৃদ্ধিতে সহায়তা করা।

প্রার্থী নির্বাচনের মানদণ্ড:

- (ক) নাগরিকত্ব: প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- (খ) বয়স: সর্বোচ্চ বয়স্ক ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করতে হবে।
- (গ) স্বাস্থ্যগত অবস্থা: যিনি শারীরিকভাবে অক্ষম অর্থাৎ সম্পূর্ণরূপে কর্মক্ষমতাহীন তাঁকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে।
- (ঘ) আর্থ-সামাজিক অবস্থা:
 - (১) আর্থিক অবস্থার ক্ষেত্রে: নিঃস্ব, উদ্বাস্ত ও ভূমিহীনকে ক্রমানুসারে অগ্রাধিকার দিতে হবে।
 - (২) সামাজিক অবস্থার ক্ষেত্রে: বিধবা, তালাকপ্রাপ্তা, বিপন্নিক, নিঃসন্তান, পরিবার থেকে বিচ্ছিন্ন ব্যক্তিদেরকে ক্রমানুসারে অগ্রাধিকার দিতে হবে।
 - (৩) ভূমির মালিকানা: ভূমিহীন ব্যক্তিকে অগ্রাধিকার দিতে হবে। এক্ষেত্রে বসতবাড়ী ব্যতীত কোনো ব্যক্তির জমির পরিমাণ ০.৫ একর বা তার কম হলে তিনি ভূমিহীন বলে গণ্য হবেন।

ভাতা প্রাপ্তির যোগ্যতা ও শর্তাবলী

- (১) সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে;
- (২) জন্ম নিবন্ধন/জাতীয় পরিচিতি নম্বর থাকতে হবে;
- (৩) বয়স পূরুষের ক্ষেত্রে সর্বনিম্ন ৬৫ বছর এবং মহিলাদের ক্ষেত্রে সর্বনিম্ন ৬২ বছর হতে হবে। সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত বয়স বিবেচনায় নিতে হবে;
- (৪) প্রার্থীর বার্ষিক গড় আয় অনূর্ধ্ব ১০,০০০ (দশ হাজার) টাকা হতে হবে;
- (৫) বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত হতে হবে।

বিঃ দ্রঃ বয়স নির্ধারণের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদ, এসএসসি/সমমান পরীক্ষার সনদপত্র বিবেচনা করতে হবে। এ ক্ষেত্রে কোন বিতর্ক দেখা দিলে সংশ্লিষ্ট কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

ভাতা প্রাপ্তির অযোগ্যতা

- (১) সরকারি কর্মচারী পেনশনভোগী হলে;
- (২) দুঃস্থ মহিলা হিসেবে ভিজিডি কার্ডধারী হলে;
- (৩) অন্য কোনোভাবে নিয়মিত সরকারী অনুদান/ভাতা প্রাপ্ত হলে;
- (৪) কোনো বেসরকারি সংস্থা/সামাজিকল্যাণমূলক প্রতিষ্ঠান হতে নিয়মিতভাবে আর্থিক অনুদান/ভাতা প্রাপ্ত হলে।

বান্দরবান জেলার তথ্যাদি

“শেখ হাসিনার মমতা

বয়স্কদের জন্য নিয়মিত ভাতা”

অর্থ বছর	টাকার হার	উপকারভোগীর সংখ্যা	মোট বরাদ্দ
২০০৮-২০০৯	২৫০/-	৬২৮১জন	১,৮৮,৪৩,০০০/-
২০০৯-২০১০	৩০০/-	৭৭০৭ জন	২,৩১,৪৫,২০০/-
২০১০-২০১১	৩০০/-	৮২৮৯ জন	২,৪৮,৪০,৪০০/-
২০১১-২০১২	৩০০/-	৮২৮৯ জন	২,৪৮,৪০,৪০০/-
২০১২-২০১৩	৩০০/-	৮২৮৯ জন	২,৪৮,৪০,৪০০/-
২০১৩-২০১৪	৩০০/-	৯১১৮ জন	৩,২৮,২৪,৮০০/-
২০১৪-২০১৫	৪০০/-	৯১১৮ জন	৪,৩৭,৬৬,৪০০/-
২০১৫-২০১৬	৪০০/-	১০০৩০ জন	৪,৮১,৪৪,০০০/-
২০১৬-২০১৭	৫০০/-	১০৫৩১ জন	৬,৩১,৮৬,০০০/-
২০১৭-২০১৮	৫০০/-	১১৬৮৪ জন	৭,০১,০৪,০০০/-
২০১৮-২০১৯	৫০০/-	১৩১৮৬ জন	৭,৯১,১৬,০০০/-
২০১৯-২০২০	৫০০/-	১৪২৬২ জন	৮,৫৫,৭২,০০০/-
২০২০-২০২১	৫০০/-	১৩৪৬৫জন	৮,০৭,৯০,০০০/-
২০২১-২০২২	৫০০/-	১৪৯৩৫জন	৮,৯৬,১০,০০০/-
২০২২-২০২৩	৫০০/-	১৪৯৩৫জন	৮,৯৬,১০,০০০/-
২০২৩-২০২৪	৬০০/-	১৪৯৩৫জন	২,৬৮,৮৩,০০০/- (১মকিস্তি) পর্যন্ত

